বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

সার্কুলার পত্র নং ০৪

তারিখঃ ০৮ মাঘ, ১৪৩১
২২ জানুয়ারি, ২০২৫

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

**বেসরকারি ব্যবস্থাপনায় হজ্জ্বব্রত পালন হিজরি ১৪৪৬/২০২৫ সন।**

শিরোনামে বর্ণিত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের জানুয়ারি ১৫, ২০২৫ তারিখের স্মারক নং- ১৬.০০.০০০০.০০৩.০২.০০৬.২৪-৭০ আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

০২। সুষ্ঠু হজ ব্যবস্থাপনার স্বার্থে হিজরি ১৪৪৬/২০২৫ সনের হজ মৌসুমের জন্য হজ এজেন্সিসমূহের নিবন্ধিত হজযাত্রী প্রতি সর্বনিম্ন ১,৫০,০০০.০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার সমপরিমাণ সৌদি রিয়াল আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক এজেন্সির মালিক/বৈধ প্রতিনিধিকে সৌদি আরবে স্ব স্ব IBAN হিসাবে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দেয়া হলো।

০৩। অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে সার্কুলার পত্রের বিষয়বস্তু সম্পর্কে অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনীঃ বর্ণনা মোতাবেক।

(মোঃ হারুন-অর-রশিদ)
পরিচালক (এফইপিডি)
ফোনঃ ৯৫৩০১২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hajj.gov.bd

স্মারক নং- ১৬.০০.০০০০.০০৩.০২.০০৬.২৪-৭০

তারিখ : ০১ মাঘ ১৪৩১ / ১৫ জানুয়ারি ২০২৫

বিষয়: **১৪৪৬ হিজরি/২০২৫ সনের হজ মৌসুমে বেসরকারি মাধ্যমের হজযাত্রীদের সৌদি পর্বের ব্যয় নির্বাহের জন্য হজযাত্রী প্রতি সর্বনিম্ন ১,৫০,০০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার সমপরিমাণ সৌদি রিয়াল সংশ্লিষ্ট হজ এজেন্সি কর্তৃক স্ব স্ব IBAN হিসাবে প্রেরণে অনুমতি প্রদান।**

সূত্র: ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ১৬.০০.০০০০.০০৩.০২.০০৬.২৪.১৪১৯, তারিখ: ২৯/১২/২০২৪ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, হিজরি ১৪৪৬/২০২৫ খ্রি. সনের হজ মৌসুমে রাজকীয় সৌদি সরকারের নির্দেশনা মোতাবেক হজ কার্যক্রমে সৌদি পর্বের যাবতীয় ব্যয়ের প্রথম পর্যায়ের অর্থ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাধ্যমে হজযাত্রী প্রতি ১,৩২,১৮০ (এক লক্ষ বত্রিশ হাজার একশত আশি) টাকা প্রেরণের জন্য সূত্রোক্ত স্মারকে অনুরোধ জানানো হয়েছে। হজযাত্রীদের জন্য উন্নত প্যাকেজ গ্রহণ এবং হোটেল ভাড়ার জন্য হজযাত্রী প্রতি আরো সর্বনিম্ন ১,৫০,০০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার সমপরিমাণ সৌদি রিয়াল সৌদি আরবে প্রেরণের প্রয়োজন হতে পারে। উক্ত অর্থ স্ব-স্ব হজ এজেন্সি কর্তৃক সরাসরি এজেন্সির হজ কার্যক্রমে সংশ্লিষ্ট ব্যাংকের মাধ্যমে সৌদি আরবে IBAN হিসাবে প্রেরণ করতে হবে।

০২। বর্ণিতাবস্থায়, সুষ্ঠু হজ ব্যবস্থাপনার স্বার্থে হিজরি ১৪৪৬/২০২৫ খ্রি. সনের হজ মৌসুমের জন্য হজ এজেন্সিসমূহের নিবন্ধিত হজযাত্রী প্রতি সর্বনিম্ন ১,৫০,০০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার সমপরিমাণ সৌদি রিয়াল আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক এজেন্সির মালিক/বৈধ প্রতিনিধিকে সৌদি আরবে স্ব স্ব IBAN হিসাবে স্থানান্তরের অনুমতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। **বিষয়টি অতীব জরুরি।**

১৫.১.২৫


মামুন আল ফারুক
উপসচিব
ফোন: +৮৮০২-৫৫১০১১১৯
e-mail:morahajsection@gmail.com


গভর্নর
বাংলাদেশ ব্যাংক
মতিঝিল, ঢাকা

স্মারক নং- ১৬.০০.০০০০.০০৩.০২.০০৬.২৪-৭০

তারিখ : ০১ মাঘ ১৪৩১ / ১৫ জানুয়ারি ২০২৫

অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা/প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা
২. সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. উপদেষ্টার একান্ত সচিব (যুগ্মসচিব), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)
৪. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব
৫. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা
৬. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭. সিস্টেম এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (www.mora.gov.bd এ প্রকাশের অনুরোধসহ)
৮. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২, কাওরান বাজার, ঢাকা (www.hajj.gov.bd এ প্রকাশের অনুরোধসহ)
৯. স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/অংশীদার, ..... ২০২৫ সনে হজ কার্যক্রম পরিচালনাকারী সকল হজ এজেন্সি/লিড এজেন্সি
১০. অফিস কপি।

১৫.১.২৫

মামুন আল ফারুক
উপসচিব